**বাংলাদেশ স্কাউটস**

**ঃ শাপলা কাব অ্যাওয়ার্ড মূল্যায়ন নীতিমালা ঃ**

ঃ ১ ঃ শাপলা কাব আবেদনকারীদের সুপারিশ ফরমে উল্লিখিত বয়স যাচাই করে (সর্বোচ্চ **১১** বছর) জাতীয় পর্যায়ে মূল্যায়নের সুযোগ দেয়া হবে।

ঃ ২ ঃ জাতীয় সদর দফতরের মূল্যায়ন প্রতি বছর মার্চ-মে মাসের মধ্যে সম্পন্ন হবে। আবেদনকারীদের সুপারিশ ফরম আবশ্যিকভাবে প্রতি বছর জানুয়ারি মাসের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে। জানুয়ারি মাসের পর কোন অবস্থাতেই জাতীয় সদর দফতর কর্তৃক ফরম গ্রহণ করা হবে না।

ঃ ৩ ঃ প্রতি বছর উপজেলা ও জেলা পর্যায়ে মাই প্রোগ্রেস নিরীক্ষা নিশ্চিত করতে হবে। ইউনিট লিডারগণ প্রতিটি বিষয়ের উপর পরীক্ষা নিয়ে সফলতার ভিত্তিতে সংশ্লিষ্ট মাই প্রোগ্রেসে স্বাক্ষর করবেন।

ঃ ৪ ঃ প্রচলিত বর্ণনামূলক ও নৈবেক্তিক প্রশ্নের পরিবর্তে সৃজনশীল প্রশ্নের দ্বারা লিখিত মূল্যায়ন করতে হবে। এতে প্রকৃত কাব স্কাউটের মেধা যাচাই করা সম্ভব হবে। লিখিত ও ব্যবহারিক মূল্যায়ন কাব প্রোগ্রাম অনুযায়ী করা হবে।

ঃ ৫ ঃ জাতীয় পর্যায়সহ সকল পর্যায়ে মূল্যায়নের জন্য নিম্নলিখিতভাবে নম্বর বন্টন অনুসরণ করতে হবে।

| **বিষয়** | **পূর্ণমান** | **মান অর্জনের নম্বর** |
|---|---|---|
| লিখিত (সৃজনশীল) | ৫০ | **৩৫** |
| ব্যবহারিক ও মৌখিক | ৪০ | **২৫** |
| সাতাঁর | **১০** | **১০** |
| **সর্বমোট=** | **১০০** | **৭০** |

ঃ ৬ ঃ জাতীয় পর্যায়ে মূল্যায়নের জন্য মূল্যায়ন টিম গঠন করা থাকবে। উক্ত টিম অঞ্চলওয়ারী ও বিশেষ ক্ষেত্রে জেলাওয়ারী মূল্যায়ন সম্পন্ন করবে। লিখিত মূল্যায়নের জন্য প্রশ্নপত্রের ১০-২০ টি সেট তৈরি করে মূল্যায়ন সম্পন্ন করা হবে। মূল্যায়ন সংক্রান্ত গাইড লাইন মূল্যায়নকারীগণকে পূর্বেই দেয়া হবে।

ঃ৭ঃ উপজেলা ও জেলা পর্যায়ে শাপলা কাব মূল্যায়ন গ্রহণ নিশ্চিতকরণের জন্য উপজেলা থেকে জেলা পর্যায়ে, জেলা থেকে অঞ্চল পর্যায়ে এবং অঞ্চল থেকে জাতীয় পর্যায়ে পিএস প্রার্থীদের সুপারিশ ফরম প্রেরণের সময় পরীক্ষার্থীদের ফলাফল দাখিল করতে হবে এবং সকল পর্যায়ে যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঃ ৮ ঃ জাতীয় পর্যায়ের মূল্যায়নে যে সকল কাব স্কাউট সাঁতারে সফল হবে না তাদের ইউনিট লিডার, উপজেলা কাব লিডার ও জেলা কাব লিডারকে এ বিষয়ে জবাবদিহিতার আওতায় আনতে হবে।

ঃ ৯ ঃ জেলা ও অঞ্চল পর্যায়ে শাপলা কাব অ্যাওয়ার্ড মূল্যায়নের পদ্ধতি ও করণীয় সম্পর্কে সকলকে অবহিত করতে হবে।

ঃ **১০** ঃ জেলা পর্যায়ের শাপলা কাব অ্যাওয়ার্ড মূল্যায়নে অঞ্চলের প্রতিনিধিগণ মনিটরিং করবে। যে সকল কাব জেলা পর্যায়ের মূল্যায়নে ৬০% নম্বর এবং সাতাঁরে পূর্ণমান পাবে শুধুমাত্র তাদের সুপারিশ ফরম জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে।

ঃ **১১** ঃ বিশেষ চাহিদা সম্পন্ন ও স্ট্রিট চিলড্রেন স্কাউটদের ক্ষেত্রে প্রত্যেক প্রার্থীর অবস্থা নিরূপন করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

## বাংলাদেশ স্কাউটস
## ঃ প্রেসিডেন্ট’স স্কাউট অ্যাওয়ার্ড মূল্যায়ন নীতিমালা ঃ

ঃ ১ ঃ প্রেসিডেন্ট’স স্কাউট আবেদনকারীদের সুপারিশ ফরমে উল্লিখিত বয়স যাচাই করে (সর্বোচ্চ ১৭ বছর) জাতীয় পর্যায়ে মূল্যায়নের সুযোগ দেয়া হবে।

ঃ ২ ঃ জাতীয় সদর দফতরের লিখিত ও সাতাঁর মূল্যায়ন প্রতি বছর মার্চ-মে মাসের মধ্যে সম্পন্ন হবে। আবেদনকারীদের সুপারিশ ফরম আবশ্যিকভাবে প্রতি বছর জানুয়ারি মাসের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে। জানুয়ারি মাসের পর কোন অবস্থাতেই জাতীয় সদর দফতর কর্তৃক ফরম গ্রহণ করা হবে না।

ঃ ৩ ঃ প্রতি বছর উপজেলা ও জেলা পর্যায়ে মাই প্রোগ্রেস নিরীক্ষা নিশ্চিত করতে হবে। ইউনিট লিডারগন প্রতিটি বিষয়ের উপর পরীক্ষা নিয়ে সফলতার ভিত্তিতে সংশ্লিষ্ট মাই প্রোগ্রেসে স্বাক্ষর করবেন।

ঃ ৪ ঃ প্রচলিত বর্ণনামূলক ও নৈবেক্তিক প্রশ্নের পরিবর্তে সৃজনশীল প্রশ্নের দ্বারা লিখিত মূল্যায়ন করতে হবে। এতে প্রকৃত স্কাউটের মেধা যাচাই করা সম্ভব হবে। লিখিত ও ব্যবহারিক মূল্যায়ন স্কাউট প্রোগ্রাম অনুযায়ী করা হবে।

ঃ ৫ ঃ জাতীয় পর্যায়সহ সকল পর্যায়ে মূল্যায়নের জন্য নিম্নলিখিতভাবে নম্বর বন্টন অনুসরণ করতে হবে।

| বিষয় | পূর্ণমান | মান অর্জনের নম্বর |
|---|---|---|
| লিখিত (সৃজনশীল) | ১০০ | ৭০ |
| ব্যবহারিক | ৬০ | ৪০ |
| মৌখিক | ৩০ | ২০ |
| সাতাঁর | ১০ | ১০ |
| **সর্বমোট=** | ২০০ | **১৪০** |

ঃ ৬ ঃ জাতীয় পর্যায়ে মূল্যায়নের জন্য মূল্যায়ন টিম গঠন করা থাকবে। উক্ত টিম অঞ্চলওয়ারী ও বিশেষ ক্ষেত্রে জেলাওয়ারী মূল্যায়ন সম্পন্ন করবে। লিখিত মূল্যায়নের জন্য প্রশ্নপত্রের ১০-২০ টি সেট তৈরি করে মূল্যায়ন সম্পন্ন করা হবে। মূল্যায়ন সংক্রান্ত গাইড লাইন মূল্যায়নকারীগণকে পূর্বেই দেয়া হবে।

ঃ ৭ ঃ উপজেলা, জেলা ও অঞ্চল পর্যায়ে পিএস মূল্যায়ন গ্রহণ নিশ্চিতকরণের জন্য উপজেলা থেকে জেলা পর্যায়ে, জেলা থেকে অঞ্চল পর্যায়ে এবং অঞ্চল থেকে জাতীয় পর্যায়ে পিএস প্রার্থীদের সুপারিশ ফরম প্রেরণের সময় পরীক্ষার্থীদের ফলাফল দাখিল করতে হবে এবং সকল পর্যায়ে যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

ঃ ৮ ঃ যে সকল স্কাউট জেলা ও অঞ্চল পর্যায়ের মূল্যায়নে ৬০% নম্বর এবং সাতাঁরে পূর্ণমান পাবে শুধুমাত্র তাদের সুপারিশ ফরম জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে।

ঃ ৯ ঃ জাতীয় পর্যায়ের মূল্যায়ন দুই ভাগে বিভক্ত থাকবে। প্রথম পর্যায়ে লিখিত ও সাঁতার এর উপর মূল্যায়ন করা হবে। যে সকল স্কাউট লিখিত মূল্যায়নে ৭০ এবং সাতাঁরে পূর্ণমান পাবে কেবল তাদেরকে ব্যবহারিক ও মূল্যায়ন ক্যাম্পে আসার সুযোগ দেয়া হবে।

ঃ ১০ ঃ জাতীয় পর্যায়ের মূল্যায়নে যে সকল স্কাউট সাঁতারে সফল হবে না তাদের ইউনিট লিডার, উপজেলা স্কাউট লিডার ও জেলা স্কাউট লিডারকে এ বিষয়ে জবাবদিহিতার আওতায় আনতে হবে।

ঃ ১১ ঃ জেলা ও অঞ্চল পর্যায়ে প্রেসিডেন্ট’স স্কাউট অ্যাওয়ার্ড মূল্যায়নের পদ্ধতি ও করণীয় সম্পর্কে সকলকে অবহিত করতে হবে।

ঃ ১২ ঃ বিশেষ চাহিদা সম্পন্ন ও স্ট্রিট চিলড্রেন স্কাউটদের ক্ষেত্রে প্রত্যেক প্রার্থীর অবস্থা নিরূপন করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

## বাংলাদেশ স্কাউটস
## ঃ প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড মূল্যায়ন নীতিমালা ঃ

ঃ ১ ঃ প্রেসিডেন্ট'স রোভার স্কাউট আবেদনকারীদের সুপারিশ ফরমে উল্লিখিত বয়স যাচাই করে (সর্বোচ্চ ২৫ বছর) জাতীয় পর্যায়ে মূল্যায়নের সুযোগ দেয়া হবে।

ঃ ২ ঃ জাতীয় সদর দফতরের লিখিত ও সাতাঁর মূল্যায়ন অঞ্চল পর্যায়ে অনুষ্ঠিত হবে । আবেদনকারীদের সুপারিশ ফরম আবশ্যিকভাবে প্রতি বছর জানুয়ারি মাসের মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে।

ঃ ৩ ঃ প্রতি বছর জেলা পর্যায়ে স্তর ভিত্তিক মাই প্রোগ্রেস ও লগ বই তৈরী ও অনুমোদন নিশ্চিত করতে হবে। ইউনিট লিডারগন প্রতিটি বিষয়ের উপর পরীক্ষা নিয়ে সফলতার ভিত্তিতে সংশ্লিষ্ট মাই প্রোগ্রেসে ও লগবইতে স্বাক্ষর করবেন।

ঃ ৪ ঃ প্রচলিত বর্ণনামূলক ও নৈবেক্তিক প্রশ্নের পরিবর্তে সৃজনশীল প্রশ্নের দ্বারা লিখিত মূল্যায়ন করতে হবে। এতে প্রকৃত রোভার স্কাউটের মেধা যাচাই করা সম্ভব হবে। লিখিত ও ব্যবহারিক মূল্যায়ন রোভার স্কাউট প্রোগ্রাম অনুযায়ী করা হবে।

ঃ ৫ ঃ জাতীয় পর্যায়সহ সকল পর্যায়ে মূল্যায়নের জন্য নিম্নলিখিতভাবে নম্বর বন্টন অনুসরণ করতে হবে।

| বিষয় | সুপারিশকৃত পূর্ণমান | মান অর্জনের নম্বর |
|---|---|---|
| লিখিত (সৃজনশীল) | ১০০ | **৭০** |
| ব্যবহারিক | ৯০ | **৬০** |
| মৌখিক | ৫০ | **৩৫** |
| সাতাঁর | ১০ | **১০** |
| মাই প্রোগ্রেস ও লগবই | ৫০ | **৩৫** |
| **সর্বমোট=** | ৩০০ | **২১০** |

ঃ ৬ ঃ জাতীয় পর্যায়ে মূল্যায়নের জন্য মূল্যায়ন টিম গঠন করা থাকবে। উক্ত টিম জাতীয় পর্যায়ে ও বিশেষ ক্ষেত্রে অঞ্চল পর্যায়ে মূল্যায়ন সম্পন্ন করবে। মূল্যায়ন সংক্রান্ত গাইড লাইন মূল্যায়নকারীগণকে পূর্বেই দেয়া হবে।

ঃ ৭ ঃ লিখিত ও ব্যবহারিক মূল্যায়ন স্তরভিত্তিক রোভার প্রোগ্রাম অনুযায়ী করা হবে।

ঃ ৮ ঃ জেলা ও অঞ্চল পর্যায়ে পিআরএস মূল্যায়ন গ্রহণ নিশ্চিতকরণের জন্য জেলা থেকে অঞ্চল এবং অঞ্চল থেকে জাতীয় পর্যায়ে পিআরএস প্রার্থীদের সুপারিশ ফরম, মাই প্রোগ্রেস ও লগবই প্রেরণের সময় পরীক্ষার্থীদের ফলাফল দাখিল করতে হবে এবং সকল পর্যায়ে যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করতে হবে। অঞ্চল পর্যায়ের মূল্যায়নে জাতীয় পর্যায়ের প্রতিনিধি উপস্থিত থাকবেন।

ঃ ৯ ঃ যে সকল স্কাউট জেলা ও অঞ্চল পর্যায়ের মূল্যায়নে ৬০% নম্বর এবং সাতাঁরে পূর্ণমান পাবে শুধুমাত্র তাদের সুপারিশ ফরম জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে।

ঃ ১০ ঃ জাতীয় পর্যায়ের মূল্যায়ন দুই ভাগে বিভক্ত থাকবে। প্রথম পর্যায়ে লিখিত ও সাঁতার এর উপর মূল্যায়ন করা হবে। যে সকল রোভার স্কাউট লিখিত মূল্যায়নে ৭০ (*বিশেষ ক্ষেত্রে ৬০) এবং সাতাঁরে পূর্ণমান পাবে কেবল তাদেরকে ব্যবহারিক ও মূল্যায়ন ক্যাম্পে আসার সুযোগ দেয়া হবে।

ঃ ১১ ঃ চূড়ান্ত পর্যায়ের মূল্যায়নে ৪টি বিষয়ের মধ্যে ৩টি বিষয়ে ৭০% এর উপরে নম্বর পেলে এবং ১টি বিষয়ে ৬০% নম্বর পেলে তাঁকে বিবেচনা করা হবে। তবে তাঁকে ৪টি বিষয়ে গড়ে ৭০% নম্বর পেতে হবে।

ঃ ১২ ঃ পিআরএস অ্যাওয়ার্ড অর্জনকারী স্কাউটারগণ অ্যাওয়ার্ড প্রাপ্তির নূন্যতম ০৫ (পাঁচ) বৎসর অতিবাহিত হলে জাতীয় পর্যায়ের মূল্যায়নকারী হিসাবে দায়িত্ব পালন করতে পারবেন।

ঃ ১৩ ঃ জেলা ও অঞ্চল পর্যায়ে প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড মূল্যায়নের পদ্ধতি ও করণীয় সম্পর্কে সকলকে অবহিত করতে হবে।

ঃ ১৪ ঃ বিশেষ চাহিদা সম্পন্ন ও স্ট্রিট চিলড্রেন রোভার স্কাউটদের ক্ষেত্রে প্রত্যেক প্রার্থীর অবস্থা নিরূপন করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

ঃ ১৫ ঃ অঞ্চল পর্যায়ে মেট কোর্সে লগ বই তৈরীর উপর ব্যবহারিক বিষয় অন্তর্ভুক্ত করতে হবে।

ঃ ১৬ ঃ পিআরএস অ্যাওয়ার্ড প্রার্থীদের তত্ত্বীয় ও ব্যবহারিক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট স্তরে নিয়মিত ক্রু মিটিং, মেট কোর্স, ব্যাজ কোর্স, পিআরএস প্রস্তুতি ক্যাম্প/ওরিয়েন্টেশন আয়োজন করতে হবে।